মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেশন আইডিয়া

শিরোনাম: ওয়েবপোর্টালে বাণিজ্যিক মৎস্য উৎপাদনকারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণ

১. পটভূমি

বাংলাদেশের আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাতকে আরও বিকশিত করার মাধ্যমে সকল ধরনের মৎস্য সেবা সহজে জনগণের দোরগোড়ায় পৌছাতে আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে সরকার নানামূখী পদক্ষেপ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় উদ্ভাবনী ও জনমূখী মৎস্য সেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকের মধ্যে দুরত্ব কমানোর লক্ষ্যে মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ ওয়েবপোর্টালে বাণিজ্যিক মৎস্য উৎপাদনকারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করেছে।

২. উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে

মাছ উৎপাদনের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ভালো জাতের গুণগতমানসম্পন্ন পোনা মাছের সরবরাহ ও উৎপাদিত নিরাপদ মাছের প্রাপ্তি। বিদ্যমান ব্যবস্থায় গুণগতমানসম্পন্ন পোনা মাছ বা উৎপাদিত নিরাপদ মাছের উৎস জানতে হলে মাছ চাষি বা ক্রেতা/সুপারশপ/আড়তদারকে সরাসরি মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক নম্বরসমূহ মাছ চাষি/ক্রেতা/সুপারশপ/আড়তদারের কাছে না থাকা, প্রয়োজনের সময় মোবাইলে ব্যালেন্স না থাকা এবং অন্যান্য জটিলতার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না। অনেক সময় সরকারি-বেসরকারি পর্যায়ে বিভিন্ন সংস্থা, প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয় কর্তৃক গবেষণাধর্মী কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে গুণগতমানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের অঞ্চল ও প্রজাতিভিত্তিক প্রাচুর্যতা এবং উৎপাদনকারীর তথ্য প্রয়োজন হয়।

এছাড়া অ্যাপস, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য ভার্চুয়াল মাধ্যমভিত্তিক বাজার ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপদ মাছ উৎপাদনকারী ও পোনা উৎপাদনকারী তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন। উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে মৎস্য উৎপাদন, বিপণন, গবেষণা ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমকে আরও গতিশীল করতে মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ কর্তৃক ওয়েবপোর্টালে বাণিজ্যিক মৎস্য উৎপাদনকারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উদ্ভাবনী উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়িত হলে রংপুর বিভাগের বিভাগীয় ও জেলা মৎস্য দপ্তরের ওয়েবপোর্টালে বাণিজ্যিকভাবে মৎস্য উৎপাদনকারীদের তথ্য এলাকাভিত্তিক সুবিন্যস্ত থাকবে, যার মাধ্যমে আগ্রহী নাগরিকগণ যে কোন মুহুর্তে, যে কোন স্থান থেকে চাহিদানুযায়ী

বাণিজ্যিকভাবে গুণগতমানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের প্রাপ্তিস্থান সম্পর্কে অবগত হতে পারবেন।

৩. বাস্তবায়ন প্রক্রিয়া

জেলা মৎস্য দপ্তর কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী (পরিশিষ্ট-ক) বাণিজ্যিকভাবে গুণগতমানসম্পন্ন পোনা উৎপাদনকারী ও নিরাপদ মাছ উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের পর ২০২১-২২ আর্থিক সালের জন্য জেলায় বাণিজ্যিকভাবে মোট পোনা উৎপাদনকারীর শতকরা ২০ ভাগ এবং একইভাবে নিরাপদ মাছ উৎপাদনকারীর শতকরা ২০ ভাগ মৎস্য চাষিকে নির্বাচন করতে হবে। মৎস্য চাষি নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম মৎস্য চাষ অনুশীলন (GAP), যোগাযোগ ব্যবস্থা, তুলনামূলক বড় খামার, প্রশিক্ষণ প্রাপ্ত কি না প্রভৃতি বিষয়সমূহকে বিবেচনায় রাখতে হবে।

8. লগ ফ্রেইম (Log Frame)

ক্র.	কাৰ্যক্ৰম	সময়কাল (২০২১-২২)					
নং							
		সেপ্টে	অক্টো	নভে	ডিসে	জানু	ফেব্ৰু
۵.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ						
٧.	তথ্য যাচাইকরণ						
೨.	বিভাগীয় দপ্তরে তথ্য প্রেরণ						
8.	বিভাগীয় দপ্তর কর্তৃক যাচাইকরণ						
¢.	জেলা ও বিভাগীয় দপ্তরে তথ্য ওয়েবপোর্টালে আপলোডকরণ						

ে প্রত্যাশিত ফলাফল

- 🕨 অফিসে যাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- 🗲 আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েব পোর্টাল থেকে বাণিজ্যিক মৎস্য উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা যাবে।
- 🕨 গবেষণাধর্মী কার্যক্রমে সহায়ক হবে।
- > ভার্চুয়াল বাজার ব্যবস্থাপনায় বাণিজ্যিক মংস্য উৎপাদনকারীর তথ্যসমৃদ্ধ ওয়েবপোর্টাল অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে।